

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা ভূমি অফিস
পল্লীতলা, নওগাঁ


স্মারক নং-৩১.৪৩.৬৫৪০.০০৭.০০৪.২০২৩- ২০২৩

তারিখ: ২২/০৮/২০২৩ খ্রি.

গণবিজ্ঞপ্তি

এতদ্বারা সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০ (বিশ) একর পর্যন্ত বদ্ধ সরকারি জলমহাল/খাস পুকুর সমূহ সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ অনুযায়ী উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি কর্তৃক ০৩ (তিন) বছরের জন্য প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতি/সংগঠন/প্রতিষ্ঠানকে কিংবা নীতির ৪(খ) তে বর্ণিত একক সমিতিকে ইজারা প্রদান করা হয়ে থাকে। কোন সরকারি জলমহাল (২০ একর পর্যন্ত কিংবা ২০ একরের উর্ধ্বের) কোন যুক্তিসঙ্গত কারণে ইজারা না হলে নীতির ১৬ নং ক্রমিকের বিধান অনুযায়ী উক্ত জলমহাল বন্দোবস্ত না হওয়া পর্যন্ত খাস কালেকশনের মাধ্যমে রাজস্ব আদায় কার্যক্রমের অন্তর্ভুক্ত থাকে।

এমতাবস্থায়, পল্লীতলা উপজেলার বদ্ধ খাস পুকুর সরকারি জলমহাল নীতি, ২০০৯ মোতাবেক ১৪৩০ বাংলা সনে খাস কালেকশনের মাধ্যমে ইজারা গ্রহণের জন্য ২৪ আগস্ট, ২০২৩ খ্রি. তারিখ হতে ৩১ আগস্ট, ২০২৩ খ্রি. তারিখ পর্যন্ত নিম্ন স্বাক্ষরকারী বরাবর আবেদন আহ্বান করা যাচ্ছে।


২২-০৮-২০২৩

(মোঃ আজিজুল কবির)
সহকারী কমিশনার (ভূমি)

ও

আহ্বায়ক

উপজেলা জলমহাল খাস কালেকশন বন্দোবস্ত কমিটি
পল্লীতলা, নওগাঁ।

অনুলিপি সদয় অবগতির জন্যঃ

০১. জেলা প্রশাসক, নওগাঁ।

০২. অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), নওগাঁ।

০৩. উপজেলা নির্বাহী অফিসার, পল্লীতলা, নওগাঁ।

০৪. চেয়ারম্যান.....ইউপি (সকল), পল্লীতলা, নওগাঁ।

০৫. ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা....., পল্লীতলা, নওগাঁ।

(গণ বিজ্ঞপ্তিটি ব্যাপক প্রচারের জন্য নির্দেশনা দেয়া হলো)

০৬. অফিস কপি।